# গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# জাতীয় রাজস্ব বোর্ড

## অনলাইনে কর পরিশোধ পদ্ধতির উদ্বোধন উপলক্ষে বিশেষ ক্রোড়পত্র

### নিশ্চিন্তে, নির্বিঘ্নে ট্যাক্স দিন অনলাইনে

অঙ্গসজ্জায় : Desh Media Communication



بسم الله الرحمن الرحيم

**প্রধানমন্ত্রী**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

০৮ জ্যৈষ্ঠ ১৪১৯
২২ মে ২০১২

### বাণী

কর ও ফি সংগ্রহ গতিশীল ও সহজ করার লক্ষ্যে জাতীয় রাজস্ব বোর্ড ২৬ মে ২০১২ থেকে 'অনলাইনে কর পরিশোধ' পদ্ধতির প্রবর্তন করতে যাচ্ছে জেনে আমি আনন্দিত। এ উপলক্ষে আমি দেশের সকল সম্মানিত করদাতাসহ সংশ্লিষ্ট সকলকে আন্তরিক অভিনন্দন জানাই।

'অনলাইনে কর পরিশোধ' পদ্ধতির প্রবর্তনের ফলে দেশের কর ব্যবস্থাপনায় 'ডিজিটাল বাংলাদেশ' গড়ার ক্ষেত্রে একটি মাইলফলক রচিত হল।

বর্তমান সরকার রাজস্ব সংগ্রহ ব্যবস্থাকে গতিশীল করার লক্ষ্যে এ খাতের উন্নয়নের বিভিন্নমুখী পদক্ষেপ গ্রহণ করছে। করদাতাদের সেবা দানের লক্ষ্যে 'কর তথ্য ও সেবা' কেন্দ্র চালু করা হয়েছে। আয়কর প্রদানের জনগণকে উৎসাহিত করতে সকল বিভাগীয় শহরে আয়কর মেলার আয়োজন করা হচ্ছে। মূল্য সংযোজন কর ব্যবস্থার আধুনিকায়ন এবং এ সংক্রান্ত নতুন আইন প্রণয়ন করা হয়েছে। সরকারের এসকল পদক্ষেপের ফলে রাজস্বখাতে উচ্চ প্রবৃদ্ধি অর্জিত হচ্ছে।

আমি আশা করি, দেশের জনগণ নিয়মিত কর প্রদানের মাধ্যমে সরকারের রাজস্ব খাতের উন্নয়নে আরও অধিক ভূমিকা রাখবেন। সকলের সম্মিলিত প্রচেষ্টায় আমরা রূপকল্প-২০২১ বাস্তবায়নের মাধ্যমে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালী, জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গড়ে তুলতে সক্ষম হব ইনশাআল্লাহ।

আমি 'অনলাইনে কর পরিশোধ' পদ্ধতির সফলতা কামনা করছি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

শেখ হাসিনা



**প্রধানমন্ত্রীর অর্থনৈতিক বিষয়ক উপদেষ্টা**
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তারিখ : ২২.০৫.২০১২

### বাণী

আমি অত্যন্ত আনন্দিত যে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা ২৬ মে, ২০১২ তারিখে জাতীয় রাজস্ব বোর্ড প্রবর্তিত অনলাইন কর পরিশোধ পদ্ধতি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করবেন। আমি জাতীয় রাজস্ব বোর্ডের এ উদ্যোগকে স্বাগত জানাই।

০২। আমাদের জাতীয় আয় ও রাজস্বের অনুপাত আশানুরূপ নয়। বর্তমান সরকার রাষ্ট্র পরিচালনার দায়িত্ব গ্রহণের পর হতে সাফল্যের সাথে রাজস্বের পরিমাণ এবং জাতীয় আয় ও রাজস্বের অনুপাত বৃদ্ধির চেষ্টা করছে। আয়কর আহরণের সাফল্য প্রশংসনীয় এবং এই ধারাকে অব্যাহত রাখতে হবে।

০৩। দেশের সার্বিক উন্নতির জন্য সরকারের অন্যতম লক্ষ্য ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলা। অনলাইনে কর পরিশোধ ব্যবস্থা ই-গভর্নেন্সের অংশ এবং জাতীয় রাজস্ব বোর্ডের উদ্যোগে সরকারের উদ্দেশ্য পূরণে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। অনলাইন কর পরিশোধ ব্যবস্থা আয়কর প্রশাসনকে অধিকতর স্বচ্ছ, দক্ষ ও কর-পরিশোধ বান্ধব করে তুলবে।

০৪। আমি জাতীয় রাজস্ব বোর্ডের অনলাইনে কর পরিশোধ পদ্ধতির সার্বিক সাফল্য কামনা করি।

জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক।

ড. মসিউর রহমান



**সদস্য**
তথ্য ব্যবস্থাপনা ও সেবা (কর)
জাতীয় রাজস্ব বোর্ড
১২ জ্যৈষ্ঠ ১৪১৯
২৬ মে ২০১২

### বাণী

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী আগামী ২৬ মে ২০১২ খ্রিঃ তারিখে "অনলাইনে কর পরিশোধ" পদ্ধতি উদ্বোধন করতে যাচ্ছেন যা আমাদের জন্য আনন্দ ও গৌরবের বিষয়। "অনলাইনে কর পরিশোধ" পদ্ধতি প্রবর্তনের ফলে জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন যাবতীয় কর ও ফি সংগ্রহ গতিশীল ও সহজ হবে। এর ফলে সম্মানিত করদাতাগণ খুব সহজেই তাদের প্রদেয় কর ও ফি প্রদান করতে পারবেন। করদাতাগণকে সেবা প্রদানের ক্ষেত্রে এটি জাতীয় রাজস্ব বোর্ডের উল্লেখযোগ্য সংযোজন।

বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করতে প্রতিশ্রুতিবদ্ধ। সরকারের সেই লক্ষ্য বাস্তবায়নে পর্যাপ্ত রাজস্ব আহরণ আবশ্যক। সরকারের রাজস্ব আহরণকারী প্রতিষ্ঠান হিসেবে এক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ড নিষ্ঠা ও আন্তরিকতার সাথে অর্পিত দায়িত্ব পালন করে যাচ্ছে। বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অন্যতম সারথী হিসেবে জাতীয় রাজস্ব বোর্ড বিগত তিন বছরে বিশেষ দক্ষতার স্বাক্ষর রেখেছে যা করদাতাগণসহ সর্বমহলে প্রশংসিত হচ্ছে। অনলাইনে কর পরিশোধ পদ্ধতি প্রবর্তন জাতীয় রাজস্ব বোর্ডের সেই দক্ষতা ও অগ্রযাত্রার মাইলফলক হিসেবে চিহ্নিত হয়ে থাকবে। জাতীয় রাজস্ব বোর্ডের চলমান অগ্রযাত্রাকে আরও বেগবান করে আমরা রাষ্ট্রীয় কোষাগার সমৃদ্ধ করতে অধিকতর অবদান রাখতে বদ্ধপরিকর।

করদাতাগণ দেশের বিশেষ সম্মানিত জনগোষ্ঠী। তাঁদেরকে অধিকতর সেবা প্রদান তথা কর প্রদান প্রক্রিয়াকে সহজীকরণ করতে জাতীয় রাজস্ব বোর্ড কাজ করে যাচ্ছে। মূলত করদাতাগণকে সেবা প্রদানের মাধ্যমে তাদের Voluntary Compliance বৃদ্ধি করাই জাতীয় রাজস্ব বোর্ডের অন্যতম প্রধান লক্ষ্য। এর অংশ হিসেবে অনলাইনে কর পরিশোধ পদ্ধতি প্রবর্তন করা হচ্ছে।

বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়কে সামনে রেখে জাতীয় রাজস্ব বোর্ডের "অনলাইনে কর পরিশোধ" বিষয়টি অগ্রগতির একটি মাইলফলক হিসেবে বিবেচিত হবে। আমি অনলাইনে কর পরিশোধ পদ্ধতির সফল বাস্তবায়ন কামনা করছি।

(এম এ কাদের সরকার)

## অনলাইনে কর পরিশোধ পদ্ধতির প্রবর্তন নতুন যুগে জাতীয় রাজস্ব বোর্ড

▪ মোঃ রুস্তম আলী মোল্লা ▪
আহ্বায়ক, মিডিয়া ও প্রকাশনা কমিটি ও
কর কমিশনার, কর অঞ্চল-৪, ঢাকা।



**(ক) ডিজিটাল বাংলাদেশ-এর ভিত্তি :**
'ডিজিটাল বাংলাদেশ' একটি ধারণা। এই ধারণাটি কোনো সরকারি প্রকল্প বা রাজনৈতিক লক্ষ্য প্রণোদিত নয়; বরং প্রযুক্তিকে কার্যকরী এবং উপযোগী ব্যবহারের মাধ্যমে শিক্ষা, স্বাস্থ্য, কর্মসংস্থান, দারিদ্র্য বিমোচন ইত্যাদি ক্ষেত্রে অঙ্গীকারসমূহ বাস্তবায়নের একটি আধুনিক দর্শন। 'ডিজিটাল বাংলাদেশ' এমন একটি ধারণা যা নিশ্চিত করে জনগণের গণতন্ত্র এবং অধিকার, স্বচ্ছতা, জবাবদিহিতা, ন্যায়বিচার প্রতিষ্ঠা এবং প্রযুক্তির সর্বোচ্চ ব্যবহারের মাধ্যমে সাধারণ মানুষের দৈনন্দিন জীবনযাত্রার উন্নয়নে সরকারি পরিসেবাসমূহ প্রতিটি দরজায় পৌছে দেয়া। 'ডিজিটাল বাংলাদেশ' ধারণাটিতে সকল শ্রেণীর মানুষ অন্তর্ভুক্ত এবং প্রযুক্তির ক্ষেত্রে কোনো বৈষম্য/ বিভাজন নেই।

**ডিজিটাল বাংলাদেশ-এর লক্ষ্য :**
'ডিজিটাল বাংলাদেশ' ধারণার সামগ্রিক লক্ষ্য হিসেবে মাননীয় প্রধানমন্ত্রী স্বয়ং ডিজিটাল বাংলাদেশ-এর নিম্নোক্ত চারটি স্তম্ভের কথা উল্লেখ করেছেন−১. মানবসম্পদকে একুশ শতকের উপযোগী করে গড়ে তোলা। ২. সকলের কাছে গ্রহণযোগ্য এবং অর্থপূর্ণভাবে নাগরিকদের সংযুক্ত করা। ৩. সকল নাগরিকের দ্বারপ্রান্তে সেবা পৌছে দেয়া এবং ৪. তথ্য ও যোগাযোগ প্রযুক্তি ব্যবহারের মাধ্যমে ব্যক্তিমালিকানাধীন খাতসমূহ ও বাজার ব্যবস্থাকে আরো উৎপাদনশীল ও প্রতিযোগিতামূলক করে তোলা। 'ডিজিটাল বাংলাদেশ' ধারণার অধীনে সরকার বিভিন্ন কৌশলগত কার্যক্রম গ্রহণ করেছে। সেই সঙ্গে ধারণাটির সাফল্য অর্জনের জন্য পরিবর্তিত মনোভাব, ইতিবাচক চিন্তা এবং উদ্ভাবনী চিন্তাধারার উপর জোর দেয়া হয়েছে।

**(খ) আমাদের কথা :**
নাগরিকদের দোড়গোড়ায় সেবা পৌছে দিয়ে একটি ডিজিটাল বাংলাদেশ গঠন করার লক্ষ্যে সরকার এরই মধ্যে বেশ কিছু উল্লেখযোগ্য কার্যক্রম গ্রহণ করেছে। অগ্রাধিকার ভিত্তিতে উদ্যোগসমূহ বাস্তবায়নের জন্য জাতীয় রাজস্ব বোর্ড একটি ডিজিটাল কোর কমিটি গঠন করেছে। জাতীয় তথ্য ও প্রযুক্তি নীতিমালা ২০০৯ অনুসরণ করে এই কমিটি বেশ কিছু ডিজিটাইজেশন উদ্যোগ চিহ্নিত করেছে। কর, ভ্যাট ও শুল্ক ক্ষেত্রে e-Payment ব্যবস্থা তথ্য প্রযুক্তি নীতিমালা ২০০৯, অনুচ্ছেদ ৬২ অনুসরণে করা হয়েছে।আপনার আয়কর, ভ্যাট এবং শুল্ক অনলাইনে পরিশোধের জন্য জাতীয় রাজস্ব বোর্ডের e-Payment System একটি সহজ এবং নিরাপদ ওয়ান স্টপ সার্ভিস। 'ডিজিটাল বাংলাদেশ' গড়ে তোলার প্রতিজ্ঞা বাংলাদেশ সরকারের একটি গুরুত্বপূর্ণ পদক্ষেপ। আয়কর, ভ্যাট, শুল্ক এবং অন্যান্য যে কোনো কর প্রদানের জন্য এই System একটি সমন্বিত সমাধান। এই Site আন্তর্জাতিক মানসম্পন্ন নিরাপদ পেমেন্ট সিস্টেম এবং খুব সহজে ব্যবহারযোগ্য। নাগরিকদের সবরকম কেন্দ্রীয় ডিজিটাল সেবা সুযোগ-সুবিধা নিশ্চিত করার জন্য প্রধানমন্ত্রীর কার্যালয়ের A2i কার্যক্রমের নির্দেশনা অনুসরণ করে এবং অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ ব্যাংক ও Controller General of Accounts (CGA) কার্যালয়ের সক্রিয় সহযোগিতায় জাতীয় রাজস্ব বোর্ড সোনালী ব্যাংক লিমিটেড এবং Q-Cash-এর সাথে একটি ত্রিপক্ষীয় চুক্তি স্বাক্ষর করেছে। এভাবেই জাতীয় রাজস্ব বোর্ড-সোনালী ব্যাংক e-Payment System-এর ভিত্তি স্থাপিত হয়েছে।নাগরিকদের জন্য e-Payment সেবা সহজলভ্য করার স্বার্থে এক বছরেরও কম সময়ের মধ্যে এই সিস্টেমটি বিভিন্ন তথ্যপ্রযুক্তির মাধ্যমে আরো সমন্বিত করা হয়েছে। জাতীয় রাজস্ব বোর্ডের পোর্টালের পাশাপাশি এই সিস্টেমটি সোনালী ব্যাংক (নিষ্পত্তি ব্যাংক), Q-Cash (ইলেকট্রনিক পেমেন্ট সিস্টেম), শুল্ক তথ্য এবং IBAS (সমন্বিত বাজেট ও হিসাবরক্ষণ সিস্টেম), অর্থ মন্ত্রণালয়ের অধীনস্থ CGA কার্যালয়-এর সাথেও সমন্বয় সাধন করা হয়েছে। কর প্রদানের ক্ষেত্রে e-Payment সিস্টেম একটি অনন্য উদ্যোগ। কেননা এই সিস্টেম প্রথমবারের মতো বাংলাদেশে অন্তত চারটি ব্যবস্থাকে একত্রিত ও সমন্বিত করে আলাদা একটি সেবা হিসেবে বৈশিষ্ট্য দিয়েছে এবং তা স্বয়ংসম্পূর্ণ একক সেবা হিসেবে নাগরিকদের জন্য সহজলভ্য করেছে। জাতীয় রাজস্ব বোর্ড গর্বের সাথে জানাচ্ছে যে, এই সিস্টেমের বিশ্লেষণ, নকশা, তৈরি, উন্নয়ন এবং টেস্টিংসহ সার্বিক উদ্যোগ সম্পূর্ণভাবে বাংলাদেশী পেশাজীবীদের দ্বারা বাস্তবায়িত। জাতীয় রাজস্ব বোর্ড-এর domain experts এবং ডিজাইনার ছাড়াও বাংলাদেশী দু'টি আই.টি. কোম্পানি ডেটাসফট লি: এবং টেকনোভিসতা লি: একসাথে সিস্টেমটি বাস্তবায়নে middleware-সহ অন্যান্য প্রায়োগিক ক্ষেত্রে কাজ করেছে। বিশ্ব ব্যাংক গ্রুপের ইন্টারন্যাশনাল ফাইনান্স কর্পোরেশন (IFC) এই উদ্যোগকে সর্বসম্মতভাবে সহায়তা করেছে।



**গ). অনলাইন কর পরিশোধ পদ্ধতির সহজ পাঠ :**
জাতীয় রাজস্ব বোর্ডের ই-পেমেন্ট পোর্টালটি ব্যবহার করা সহজ, নিরাপদ এবং বিনামূল্য। করদাতা, আইনানুগ প্রতিনিধি, কর্তনকারী কর্তৃপক্ষ এবং অনেক ধরনের নাগরিক/ প্রতিষ্ঠান এ ই-পেমেন্ট সিস্টেমের সুবিধা নিতে পারবেন। ব্যবহারকারীগণ অনলাইনে টিউটোরিয়াল, PDF ফাইল ইত্যাদির মাধ্যমে সহজেই এর ব্যবহার শিখতে পারবেন।

একেবারে শুরুতেই যা যা প্রয়োজন হবে :

**আবশ্যিক তথ্য/ সেটাপ :**
এই সিস্টেমটি ব্যবহার করে অনলাইনে কর পরিশোধে নিম্নলিখিত বিষয়গুলো নিশ্চিত করতে হবে।
* একটি কার্যকর ই-মেইল একাউন্ট
* TIN, AIN, BIN (যেটা প্রযোজ্য)
* ডেবিট/ ক্রেডিট কার্ড/ অনলাইন ব্যাংকিং তথ্যাদি

সিস্টেম ব্যবহারকারীগণ এই পোর্টালটি থেকে ডেবিট কার্ড, ক্রেডিট কার্ড, প্রিপেইড/ ক্যাশ কার্ড অথবা অনলাইন ব্যাংকিংয়ের মাধ্যমে কর বা শুল্ক প্রদান করতে পারবেন।

**১. রেজিস্ট্রেশন / নিবন্ধন :**
শুধুমাত্র রেজিস্টার করা নাগরিক/ কোম্পানিই এই ই-পেমেন্ট সিস্টেমের সুবিধা নিতে পারবেন। এর জন্যে Register এ ক্লিক করুন এবং করদাতার তথ্য লিপিবদ্ধ করুন। নিবন্ধন শেষে ই-পেমেন্ট সিস্টেম থেকে আপনার একাউন্টে পৌছে যাবে একটি ই-মেইল। সেই ই-মেইলের লিংকটিতে ক্লিক করে আপনার একাউন্টটি কার্যকর করুন। এবার আপনার লগইন ও পাসওয়ার্ড ব্যবহার করে ই-পেমেন্ট সিস্টেমে সাইন-ইন করুন। এখানে একটি নতুন 'ইলেকট্রনিক পেমেন্ট' লিংক দেখা যাবে। আগে 'Update Your Profile' এ অন্যান্য তথ্য পূরণ করে ই-পেমেন্ট করার জন্য তৈরি হতে হবে।

**২. প্রোফাইল সম্পূর্ণ করা :**
আপনার প্রোফাইলে আয়কর, মূসক এবং আবগারি শুল্কের জন্য আলাদা অংশ রয়েছে। তিনটি অথবা প্রয়োজনমত এ ফর্মগুলো পূরণ করুন (অর্থাৎ যে শুধুই মূসক প্রদান করবেন, তাঁর মূসক ফর্ম পূরণ করাই যথেষ্ট)। এবার 'Update' বাটন ক্লিক করলে আপনার তথ্য সফলভাবে ধারণ করা হয়েছে, এ ম্যাসেজ দেখা যাবে।

**৩. অনলাইনে কর/ শুল্ক পরিশোধ :**

**ক) অনলাইনে আয়কর প্রদান :**
চার ধরনের ব্যবহারকারী এ ই-পেমেন্ট সিস্টেমের মাধ্যমে কর প্রদান করতে পারবেন। এরা হচ্ছে ব্যক্তি, আইনানুগ প্রতিনিধি, কর্তনকারী কর্তৃপক্ষ এবং অন্যান্য। ব্যক্তি হিসেবে আয়কর দিতে 'ইলেকট্রনিক পেমেন্ট' লিংকটি ক্লিক করে, আয়কর সিলেক্ট করে অনলাইনে আয়কর পরিশোধ বিষয়ক লিংকটি সিলেক্ট করুন। কর অঞ্চল, সার্কেল, আয়করের ধরন ইত্যাদি তথ্য টাইপ করুন। সিস্টেম থেকে একটি অটোমেটিক একাউন্ট কোড দেয়া হবে।

আপনার কর প্রদানের সময়কাল (Assessment Year) টাইপ করুন। আপনি কত টাকা মূল্যের আয়কর দিতে ইচ্ছুক, সে অংকটি প্রবেশ করান। অন্যান্য তথ্যাদি পূরণ করে Submit ক্লিক করুন। এরপর আপনি চলে যাবেন সোনালী ব্যাংকের পেইজ-এ। ওই পেইজ থেকে পেছনে আসা বা ব্যাক করা সম্ভব নয়। তবে চাইলে আপনি আবার নতুন করে শুরু করতে পারেন।

আপনার অর্থ প্রদানের পদ্ধতি (যথা ডেবিট কার্ড, ক্যাশ কার্ড ইত্যাদি) সিলেক্ট করুন এবং একটি প্রাথমিক/ ড্রাফট ই-চালান দেখতে Next-এ ক্লিক করুন। যদি এই ই-চালানে বর্ণিত তথ্য সঠিক হয়, Next ক্লিক করুন।

Q-Cash এর পেইজটিতে পৌছে আপনার কার্ডের/ একাউন্টের তথ্য দিন (PAN, CVV2 ইত্যাদি)। নিরাপত্তাজনিত কারণে এ কাজটি একটি কী-প্যাড ক্লিক করে করতে হবে। কার্ড/ একাউন্ট অনুযায়ী নাম টাইপ করুন ও কার্ড/ একাউন্টের মেয়াদ দিন। এই পুরো কাজটি করতে হবে সাবধানতার সঙ্গে, তবে দ্রুত। কোন কাজ না করে বসে থাকলে পেইজটি expire করবে বা বাতিল হয়ে যাবে। সব ঠিক থাকলে OK ক্লিক করুন।

এর পরবর্তী পেইজ-এ আপনার কার্ডের/ একাউন্টের গোপন পাসওয়ার্ডটি প্রবেশ করান এবং Next ক্লিক করুন। মনে রাখবেন, এ নম্বরটিও নিরাপত্তাজনিত কারণে একটি অবিন্যস্ত কী-প্যাড থেকে ক্লিক করে করে প্রবেশ করাতে হবে।

এবার আপনি চূড়ান্ত ই-চালানটি দেখতে পাবেন। ই-পেমেন্ট সিস্টেম থেকে আপনি তা প্রিন্ট, সেভ বা ই-মেইল করতে পারবেন। পরবর্তীতে লগ-ইন করলে এর রেকর্ডও যেকোন সময় দেখতে পারবেন।

আপনার ই-পেমেন্ট শেষ করতে Finish ক্লিক করুন। কাজ শেষে সাইন-আউট করুন।



**মন্ত্রী**
অর্থ মন্ত্রণালয়
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

২৩ মে, ২০১২

### বাণী

জাতীয় রাজস্ব বোর্ডের আওতাধীন যাবতীয় কর ও ফি সংগ্রহ গতিশীল ও সহজীকরণের লক্ষ্যে আগামী ২৬ মে ২০১২ খ্রিঃ থেকে "অনলাইনে কর পরিশোধ" পদ্ধতি প্রবর্তন করতে যাচ্ছে জেনে আমি অত্যন্ত আনন্দিত। বর্তমান সরকারের ডিজিটাল বাংলাদেশ গড়ার প্রত্যয়কে সামনে রেখে জাতীয় রাজস্ব বোর্ডের "অনলাইনে কর পরিশোধ" বিষয়টি অগ্রগতির একটি মাইলফলক হিসেবে বিবেচিত হবে। আমি জাতীয় রাজস্ব বোর্ডের এ উদ্যোগকে স্বাগত জানাই এবং এর সফলতা কামনা করি।

বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করতে প্রতিশ্রুতিবদ্ধ। সরকারের সেই লক্ষ্য বাস্তবায়নে পর্যাপ্ত রাজস্ব সরবরাহ আবশ্যক। সরকারের রাজস্ব আহরণকারী প্রতিষ্ঠান হিসেবে এক্ষেত্রে জাতীয় রাজস্ব বোর্ডকে গুরু দায়িত্ব পালন করতে হচ্ছে। বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অন্যতম সারথী হিসেবে জাতীয় রাজস্ব বোর্ড গত তিন বছরে দক্ষতার স্বাক্ষর রেখেছে। তারা রাজস্ব আদায় বাড়িয়েছে। রাজস্ব আদায় প্রক্রিয়া করদাতাদের জন্য সহজ ও হয়রানিমুক্ত করতে প্রয়াস নিয়েছে এবং রাজস্ব বোর্ডের কার্যক্রমে তথ্য-প্রযুক্তির ব্যবহার ক্রমাগত বাড়িয়ে যাচ্ছে। অনলাইনে কর পরিশোধ পদ্ধতি প্রবর্তন জাতীয় রাজস্ব বোর্ডের সেই দক্ষতা ও অগ্রযাত্রার মাইলফলক হিসেবে চিহ্নিত হয়ে থাকবে।

জাতীয় রাজস্ব বোর্ডের দক্ষতা ও সক্ষমতা অধিকতর বৃদ্ধির লক্ষ্যে বর্তমান সরকার ইতোমধ্যে বেশ কিছু পদক্ষেপ গ্রহণ করেছে। আমরা জাতীয় রাজস্ব বোর্ডকে একবিংশ শতকের উপযোগী করতে প্রয়োজনীয় সব ধরনের পদক্ষেপ নিচ্ছি ও নেব।

করদাতাগণ দেশের বিশেষ সম্মানিত জনগোষ্ঠী। তাঁদেরকে অধিকতর এবং উত্তমতর সেবা প্রদানের অংশ হিসেবে অনলাইনে কর পরিশোধ পদ্ধতি প্রবর্তন করা হচ্ছে। আমি অনলাইনে কর পরিশোধ পদ্ধতির সফল বাস্তবায়ন কামনা করছি।

খোদা হাফেজ
জয় বাংলা, জয় বঙ্গবন্ধু
বাংলাদেশ চিরজীবী হোক

আবুল মাল আবদুল মুহিত, এমপি



**সচিব**
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
অর্থ মন্ত্রণালয়
এবং
চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড

১২ জ্যৈষ্ঠ ১৪১৯
২৬ মে ২০১২

### বাণী

আমরা অত্যন্ত আনন্দিত ও গর্বিত যে, মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা জাতীয় রাজস্ব বোর্ডের অধীনে সকল ধরনের কর ও ফি সংগ্রহ গতিশীল ও সহজীকরণের লক্ষ্যে ২৬ মে ২০১২ খ্রিঃ "অনলাইনে কর পরিশোধ" পদ্ধতি আনুষ্ঠানিকভাবে উদ্বোধন করবেন। জাতীয় রাজস্ব বোর্ডের আজকের এ অর্জন ডিজিটাল বাংলাদেশ গড়ার ক্ষেত্রে নিঃসন্দেহে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। এর ফলে জাতীয় রাজস্ব বোর্ড রাজস্ব আহরণের ক্ষেত্রে আরও গতিশীল প্রতিষ্ঠানে পরিণত হবে বলে আমাদের বিশ্বাস।

আমরা সকলেই অবগত আছি যে, বর্তমান সরকার ২০২১ সালের মধ্যে বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশে পরিণত করতে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সে লক্ষ্য বাস্তবায়নে রাজস্ব আহরণ বৃদ্ধি অত্যন্ত গুরুত্বপূর্ণ। বর্তমান সরকারের রূপকল্প-২০২১ বাস্তবায়নের অন্যতম অংশীদার হয়ে জাতীয় রাজস্ব বোর্ড নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এ ক্ষেত্রে অনলাইনে কর পরিশোধ পদ্ধতির প্রবর্তন জাতীয় রাজস্ব বোর্ডের দক্ষতা ও অগ্রযাত্রায় একটি নতুন মাত্রা যোগ করবে এবং ভবিষ্যৎ প্রজন্মের কাছে তা মাইলফলক হিসেবে চিহ্নিত হয়ে থাকবে। সম্মানিত করদাতাগণ এতে প্রভূত উপকৃত হবেন বলে আমার দৃঢ় বিশ্বাস।

আমরা মাননীয় প্রধানমন্ত্রীর কাছে অত্যন্ত কৃতজ্ঞ যে, তিনি জাতীয় রাজস্ব বোর্ডের সক্ষমতা অধিকতর বৃদ্ধির লক্ষ্যে ইতোমধ্যে বেশ কিছু গুরুত্বপূর্ণ পদক্ষেপ গ্রহণ করেছেন। বিশ্বের যে কোনো উন্নত দেশের মতো একুশ শতকের চ্যালেঞ্জ মোকাবেলায় আমরা জাতীয় রাজস্ব বোর্ডকে সকল ক্ষেত্রে উপযুক্ত দক্ষ ও সক্ষম একটি প্রতিষ্ঠান হিসেবে গড়ে তুলতে চাই। এ ক্ষেত্রে সকল শ্রেণীর সম্মানিত করদাতাগণের সার্বিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

জাতীয় রাজস্ব বোর্ডের অনলাইনে কর পরিশোধ পদ্ধতির সফল বাস্তবায়ন ও সার্বিক সাফল্য কামনা করছি।

(ড. নাসিরউদ্দীন আহমেদ)

**৩.২ ভ্যাট প্রদান :**
ই-পেমেন্ট VAT অপশনে গিয়ে Pay VAT online-এ ক্লিক করুন। প্রোফাইল থেকে স্বয়ংক্রিয়ভাবে আপনার পিন, নাম এবং ব্যবসার নাম দেখাবে। আপনার BIN এবং রাজস্ব টাইপ লিখুন। যদি আপনার পেমেন্ট টাইপ তালিকাভুক্ত না হয়, তবে Other VAT নির্বাচন করুন। যে অফিসে আপনি আপনার ভ্যাট প্রদান করতে চান তা নির্বাচন করুন।

আপনার ব্যক্তিগত তথ্য তথা নাম, ঠিকানা এবং VAT-এর পরিমাণ (টাকায়) সকল তথ্য সংরক্ষণের জন্য Submit-এ ক্লিক করুন এবং সোনালী ব্যাংক-এর পেইজ-এ যান। আপনি পরবর্তী পেইজ-এ যাওয়ার পর আর পূর্ববর্তী পেইজ-এ ফিরতে পারবেন না। তবে আবার নতুন করে শুরু করতে পারবেন।

**৩.৩ কাস্টমস ডিউটি পরিশোধ :**
ই-পেমেন্ট লিংক-এর Customs Duty অপশনে গিয়ে Pay Customs Duty Online-এ ক্লিক করুন। একাউন্ট থেকে স্বয়ংক্রিয়ভাবে আপনার এজেন্ট আইডি নাম্বার (AIN) এবং এজেন্সি নাম দেখানো হবে।

আপনি যেখানে বিল জমা দিতে চান (ঢাকা, বেনাপোল, মংলা ইত্যাদি) এন্ট্রি নাম্বার, বিল এবং রেজিস্ট্রেশনের তারিখ নিবন্ধন করুন। Search-এ ক্লিক করে ট্যাক্স এবং কাস্টমস ডিউটি প্রদান সংক্রান্ত সকল তথ্য জানুন।

**৩.৪ অন্যান্য কর:**
ই-পেমেন্টের মাধ্যমে অন্যান্য করও (যথা- ভ্রমণ কর, দান কর ইত্যাদি) দেয়া যায়। আপনার চালান যথাযথভাবে জমা হয়েছে কিনা তা আপনি প্রয়োজনমত চেক করে দেখতে পারেন। এই সাইট সম্পর্কে বিস্তারিত জানতে "How to Use" ভিজিট করুন।

সৌজন্যে
WALTON It's our product
BASHUNDHARA GROUP For The People, For The Country
ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড
পূবালী ব্যাংক লিমিটেড
PUBALI BANK LIMITED
ঐতিহ্যের পথ বেয়ে অর্থনৈতিক অগ্রগতি
www.pubalibangla.com
PARTEX STAR GROUP a legacy with a new face forward
Aftab Bahumukhi Farms Ltd
A Jahurul Islam Company
ডাচ-বাংলা ব্যাংক আপনার বিশ্বস্ত সহযোগী
বাংলাকথা www.banglakothabd.com
IFIC BANK
SUPER STAR GROUP
PLFS PEOPLE'S LEASING And Financial Services Ltd.
সাউথইস্ট ব্যাংক লিমিটেড
Q cash
Stamford University Bangladesh
A.K. BUILDERS LTD.